গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
যুগ্ম জেলা ও দায়রা জজ, ২য় আদালত, সিরাজগঞ্জ এর কার্যালয়।

স্মারক নং- যুজেজ/সিরাজ/২য়/নিয়োগ/২০৯/২০২২

তারিখঃ ১৫ই সেপ্টেম্বর,২০২২
৩১শে ভাদ্র,১৪২৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-২, সিরাজগঞ্জ-এ নিম্নবর্ণিত শূন্য পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও সার্কুলার অনুসরণপূর্বক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার (স্টেনোগ্রাফার) | ০১(এক) টি | গ্রেড-১৩<br>টাকা ১১,০০০-২৬,৫৯০/-<br>(জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | (ক) যে কোন শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে সাঁটলিপি ও কম্পিউটার কোর্সের সনদপ্রাপ্ত হতে হবে।<br>(গ) সাঁটলিপি, শ্রুতি লিখন এবং পূর্ণ লিখনে প্রয়োজনীয় গতিসম্পন্ন হতে হবে। |
| ০২ | অফিস সহায়ক | ০১(এক) টি | গ্রেড-২০<br>টাকা ৮,২৫০-২০,০১০/- | (ক) অষ্টম শ্রেণী পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলী:-

০১। উপরে বর্ণিত শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে সকল প্রার্থীকে 'সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও যুগ্ম জেলা ও দায়রা জজ, ২য় আদালত, সিরাজগঞ্জ' বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্র আগামী ১৬/১০/২২ খ্রি: তারিখের বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি উল্লিখিত কার্যালয়ে পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকুরির আবেদন ফরমের নমুনাটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ওয়েবসাইট এর পাশাপাশি জেলা জজ আদালত, সিরাজগঞ্জ এর নোটিশ বোর্ড ও **sirajganj.judiciary.org.bd** ওয়েবসাইট এ পাওয়া যাবে।

০৩। প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ হিসাব কোড নং ১-২১০৮-০০০০-২০৩১ এ ট্রেজারি চালানের মাধ্যমে (অফেরতযোগ্য) ০১ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ১০০/-(একশত) টাকা এবং ০২ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানের মূল কপি (আবেদন ফরমে চালান নম্বর, তারিখ, ব্যাংক ও শাখার নাম উল্লেখসহ) প্রদান করতে হবে; ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

০৪। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নির্ধারিত ফরমে প্রবেশপত্র পূরণ করে দিতে হবে। প্রবেশপত্রের নমুনা জেলা জজ আদালত, সিরাজগঞ্জ এর নোটিশ বোর্ড ও **sirajganj.judiciary.org.bd** ওয়েবসাইট এ পাওয়া যাবে। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত একটি ফেরত খাম (৯.৫×৪.৫ ইঞ্চি সাইজ) পাঠাতে হবে।

০৫। আবেদনপত্র ও প্রবেশপত্র ফরমের নির্ধারিত স্থানে সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি স্ট্র্যাপলার এর মাধ্যমে সংযুক্ত করতে হবে।

০৬। আগামী ১৬/১০/২২ খ্রি: তারিখের মধ্যে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ) পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৭। বিভাগীয় ও চাকরিরত প্রার্থীকে বয়স থাকা সাপেক্ষে অনুমতিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

০৮। আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। লিখিত পরীক্ষার বাইরেও ০১ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য ব্যবহারিক পরীক্ষা/কম্পিউটার সংক্রান্ত টেস্ট অনুষ্ঠিত হবে। লিখিত ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে। প্রার্থীদের লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। আবেদনপত্রের সাথে প্রার্থীদের নিম্নোক্ত কাগজাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় তথ্য যাচাইয়ের জন্য প্রার্থীকে অবশ্যই সেসব কাগজাদির মূল কপি সঙ্গে আনতে হবেঃ-

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র এবং অন্যান্য সনদপত্র।

(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।

(ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত ও গ্রহণযোগ্য সনদ।

১০। সকল সনদপত্রের ফটোকপি ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার পূর্বক সত্যায়িত হতে হবে।

১১। প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে বা যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন/নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে বাংলাদেশের প্রচলিত আইনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। কেবল এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণেই কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১৪। উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রবেশপত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এবং **sirajganj.judiciary.org.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৫। প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী **sirajganj.judiciary.org.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

(নাদিরা সুলতানা)
সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও
যুগ্ম জেলা ও দায়রা জজ, ২য় আদালত, সিরাজগঞ্জ।